গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন,
সেগুনবাগিচা, ঢাকা।

**সভার কার্যবিবরণী**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০৩৪.১৪/ ৬৯২ তারিখঃ ২৯ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ। ১৪ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ মূল্য সংযোজন কর রিফান্ড প্রদানের পদ্ধতি নির্ধারণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড।

সভার তারিখঃ ০৫ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ (সকাল ১১.০০ ঘটিকা)

সভার স্থানঃ জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫৩৪)।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব ও জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি এর সভাপতিত্বে গত ০৫ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর আওতায় রিফান্ড প্রদান পদ্ধতি নির্ধারণের বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা **সংলাগ-ক** তে উপস্থাপন করা হলো।

০২। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে এবং সকলের সাথে পরিচিতি পর্ব শেষ করে সভার কার্যক্রম শুরু করেন। তারপর তিনি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মূসক নীতি) ড. আব্দুল মান্নান শিকদার কে মূল আলোচনার সূত্রপাত করার জন্য অনুরোধ করেন। সদস্য (মূসক নীতি) সভাপতির দৃষ্টি আকর্ষণ করে জানান যে, বর্তমানে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৬৮ হতে ধারা ৭১ এ উল্লিখিত ঋণাত্মক নীট অর্থ জের টানা ও ফেরত প্রদানের প্রক্রিয়া সম্পর্কে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তারপর তিনি রিফান্ড প্রদানের পদ্ধতি সম্পর্কে মূসক নীতি শাখা হতে প্রস্তুতকৃত একটি খসড়া আদেশ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন আকারে উপস্থাপন করেন এবং পর্যায়ক্রমে এর ধাপসমূহ নিয়ে আলোচনা করেন। সভায় উপস্থিত সকল দপ্তরের প্রতিনিধিগণ উপস্থাপিত রিফান্ড প্রদানের পদ্ধতি বিষয়ে একমত পোষণ করেন।

০৩। পরবর্তীতে সভাপতি মহোদয় উপস্থিত কমিশনারগণের পক্ষ হতে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) এর কমিশনারকে রিফান্ড প্রদানের ক্ষেত্রসমূহ সহ সার্বিকভাবে মাঠ পর্যায়ে রাজস্ব আহরণ বিষয়ে অবস্থান তুলে ধরার অনুরোধ করেন। তদ্প্রেক্ষিতে, কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) কোন কোন ক্ষেত্রে রিফান্ড প্রদেয় হতে পারে এবং রিফান্ড প্রদানের ক্ষেত্রে বাস্তবতার নিরীখে কি ধরনের সমস্যা বা চ্যালেঞ্জের সম্মুখীন হওয়ার সম্ভাবনা রয়েছে সে বিষয়টি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করেন। তদ্প্রেক্ষিতে সভাপতি মহোদয় আগামী বাজেটে এ সকল বিষয় কিভাবে আইন ও বিধিতে প্রতিফলিত করা যায় সে বিষয়ে সুপারিশ প্রেরণের জন্য কমিশনারগণকে নির্দেশনা প্রদান করেন।

০৪। সভার শেষাংশে সভাপতি মহোদয় Revenue Protection এর লক্ষ্যে যে ধরনের কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন তা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতি মহোদয়ের উক্তরূপ নির্দেশনার বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। সার্বিক প্রেক্ষাপট বিবেচনায় এবং সকল পক্ষের আলোচনার প্রেক্ষিতে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) জাতীয় রাজস্ব বোর্ড রিফান্ড সংক্রান্ত খসড়া আদেশ জারির পূর্বে মাঠ পর্যায়ের সকল কমিশনারগণ এবং সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের লিখিত মতামত গ্রহণ করবে;

(খ) কমিশনারগণ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৩৭ অনুযায়ী ১৯৯১ সালের আইনের আওতাধীন দাবীকৃত রিফান্ড ও বর্তমান আইনের আওতাধীন দাবীকৃত রিফান্ড আবেদন উভয়ই নিষ্পত্তি করবে; এবং

(গ) কূটনৈতিক ও রপ্তানীমুখী প্রতিষ্ঠানের রিফান্ড আবেদন ডেডো হতে নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

০৫। সভায় অন্যকোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত/**১৪/১১/২০১৯খ্রিস্টাব্দ

**[ মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি ]**

সিনিয়র সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০৩৪.১৪/৬৯১৮-(৬০)

তারিখঃ ২৯ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
১৪ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

**বিতরণঃ প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, কাকরাইল, ঢাকা।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা।
৫-৯। সদস্য (শুল্ক নীতি)/ (মূসক নীতি)/(মূসক বাস্তবায়ন ও আইটি)/(মূসক নীরিক্ষা ও গোয়েন্দা)/ ( শুল্ক নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১০-১১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর / মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১২-২৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ কুমিল্লা/ খুলনা/ রাজশাহী/ রংপুর/ যশোর/ সিলেট/ বৃহৎ করদাতা ইউনিট(মূসক), ঢাকা।
২৪-২৯। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/ চট্টগ্রাম/ মংলা/ আইসিডি, কমলাপুর/ বেনাপোল/ পানগাঁও, ঢাকা।
৩০। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
৩২। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪/১১/১৯

( মোঃ তারেক হাসান )